**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জেলা প্রশাসক, নেত্রকোণা**
**ও**
**রিটার্নিং অফিসারের কার্যালয়**
**ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন**

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

নম্বর-০৫.৪৫.৭২০০.০০৫.৪০.০০১.২৫- ৭০৬

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪৩২ / ১১ ডিসেম্বর ২০২৫

# গণ-বিজ্ঞপ্তি

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) অনুসারে আমি মোঃ সাইফুর রহমান, জেলা প্রশাসক, নেত্রকোণা ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন **১১ ডিসেম্বর ২০২৫ / ২৬ অগ্রহায়ণ ১৪৩২** তারিখের **১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৯.২৫-৩৬৭** নম্বর প্রজ্ঞাপনের মাধ্যমে প্রত্যেক নির্বাচনি এলাকার ভোটারগণকে স্ব-স্ব নির্বাচনি এলাকা হতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচিত করার জন্য নিম্নলিখিত সময়সূচি ঘোষণা করেছেন:

| | | | |
|---|---|---|---|
| রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ১৪ পৌষ ১৪৩২<br>২৯ ডিসেম্বর ২০২৫ | সোমবার |
| রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ১৫-২০ পৌষ ১৪৩২<br>৩০ ডিসেম্বর ২০২৫ - ০৪ জানুয়ারি ২০২৬ | মঙ্গলবার-রবিবার |
| মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়েরের তারিখ | : | ২১-২৭ পৌষ ১৪৩২<br>০৫-১১ জানুয়ারি ২০২৬ | সোমবার-রবিবার |
| আপিল নিষ্পত্তির তারিখ | : | ২৮ পৌষ - ০৪ মাঘ ১৪৩২<br>১২-১৮ জানুয়ারি ২০২৬ | সোমবার-রবিবার |
| প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ০৬ মাঘ ১৪৩২<br>২০ জানুয়ারি ২০২৬ | মঙ্গলবার |
| প্রতীক বরাদ্দের তারিখ | : | ০৭ মাঘ ১৪৩২<br>২১ জানুয়ারি ২০২৬ | বুধবার |
| **ভোটগ্রহণের তারিখ** | : | **২৯ মাঘ ১৪৩২**<br>**১২ ফেব্রুয়ারি ২০২৬** | **বৃহস্পতিবার** |

**আগামী ২৯ মাঘ ১৪৩২/১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ, বৃহস্পতিবার, সকাল ৭.৩০ ঘটিকা হইতে বিকাল ৪.৩০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাক্সে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।**

২। পূর্বোল্লিখিত আদেশের অনুচ্ছেদ ১১ এর দফা (৩) অনুসারে ১৫৯ নেত্রকোণা-৩ (আটপাড়া ও কেন্দুয়া) নির্বাচনি এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামী **২৯ ডিসেম্বর ২০২৫ / ১৪ পৌষ ১৪৩২** তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৯টা হতে বিকাল ০৫টা পর্যন্ত উল্লিখিত নির্বাচনি এলাকা হতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয়ে (জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা) এবং আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে (উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আটপাড়া/কেন্দুয়া) মনোনয়নপত্র গৃহীত হবে।

১১/১২/২০২৫

তারিখ: ১ ১ দিন ১ ২ মাস ২ ০ ২ ৫ বৎসর

(মোঃ সাইফুর রহমান)
জেলা প্রশাসক, নেত্রকোণা
ও
রিটার্নিং অফিসার
ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন
১৫৯ নেত্রকোণা-৩ (আটপাড়া ও কেন্দুয়া)

নম্বর-০৫.৪৫.৭২০০.০০৫.৪০.০০১.২৫- ৭০৬

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪৩২ / ১১ ডিসেম্বর ২০২৫

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৫। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
৬। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
৭। পুলিশ সুপার, নেত্রকোণা।
৮। অধিনায়ক, নেত্রকোণা ব্যাটালিয়ন (৩১ বিজিবি), নেত্রকোণা।
৯। অধিনায়ক, র‍্যাব-১৪, ময়মনসিংহ।
১০। জেলা নির্বাচন অফিসার, নেত্রকোণা।
১১। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, নেত্রকোণা।
১২। জেলা তথ্য অফিসার, নেত্রকোণা (তাঁকে গণ-বিজ্ঞপ্তিটি নির্বাচনি এলাকায় বহুল প্রচারের অনুরোধসহ) ।
১৩। উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া/কেন্দুয়া, নেত্রকোণা ও সহকারী রিটার্নিং অফিসার (তাঁকে গণ-বিজ্ঞপ্তিটি নির্বাচনি এলাকায় বহুল প্রচারের অনুরোধসহ) ।
১৪। অফিসার ইনচার্জ, আটপাড়া/কেন্দুয়া থানা, নেত্রকোণা।
১৫। উপজেলা নির্বাচন অফিসার, আটপাড়া/কেন্দুয়া (তাঁকে গণ-বিজ্ঞপ্তিটি নির্বাচনি এলাকায় বহুল প্রচারের অনুরোধসহ)।
১৬। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, আটপাড়া/কেন্দুয়া, নেত্রকোণা।
১৭। সভাপতি/সম্পাদক জেলা প্রেসক্লাব, নেত্রকোণা।
১৮। নোটিশ বোর্ড।

১১.১২.২০২৫

জেলা প্রশাসক, নেত্রকোণা
ও
রিটার্নিং অফিসার
ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন
১৫৯ নেত্রকোণা-৩ (আটপাড়া ও কেন্দুয়া)